

ঢাকা ওয়াসা

২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি

সংগৃহীত কোটেশন

প্রাক্কলন

বিষয়ঃ **Procurement of computer accessories/equipment for Civil Construction Division, DWASA**

কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদঃ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্মাণ (সিভিল) বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ দপ্তর। অত্র দপ্তর হতে ঢাকা ওয়াসার বিভিন্ন স্থাপনা যেমন আবাসিক বিল্ডিং, অফিস বিল্ডিং, বাউন্ডারী ওয়াল, পাম্প হাউসসহ সকল ধরনের নির্মাণ ও পূণঃনির্মাণ করা হয়ে থাকে। অত্র বিভাগে নির্বাহী প্রকৌশলীসহ তাঁর অধীনে ০১ (এক) জন উপ-বিভাগীয় প্রকৌশলী, ০১ (এক) জন সহকারী প্রকৌশলী ও ০৬ (ছয়) জন উপ-সহকারী প্রকৌশলী কর্মরত রয়েছেন। দাপ্তরিক কাজসমূহ সম্পাদনে প্রতিনিয়ত কম্পিউটার ব্যবহারের প্রয়োজন হয়। নির্মাণ (সিভিল) বিভাগে ব্যবহৃত কম্পিউটার গুলোর বিভিন্ন যন্ত্রাংশ একেজো ও দুর্বল হয়ে পরেছে। কম্পিউটার গুলোর কিছু যন্ত্রাংশ পরিবর্তন করলে কম্পিউটার গুলো সচল করা সম্ভব। নির্মাণ (সিভিল) বিভাগের দৈনন্দিন কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য কম্পিউটার গুলোর বিভিন্ন যন্ত্রাংশ জরুরীভাবে ক্রয় করা প্রয়োজন।

অনুচ্ছেদঃ ১.১

উপর্যুক্ত বর্ণনার আলোকে নির্মাণ (সিভিল) বিভাগের অফিসিয়াল কাজে ব্যবহারের জন্য Procurement of computer accessories/equipment for Civil Construction Division, DWASA ক্রয় কাজের জন্য ১টি প্রাক্কলন তৈরী করা হল (সংযুক্তি-৩)। বর্তমান বাজার দর অনুসরণে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ১২৪,৭৯৯.০০ (চব্বিশ হাজার সাতশত নিরানব্বই) টাকা মাত্র। উক্ত ব্যয় কম্পিউটার মেইনটেন্যান্স খাত (কোডঃ ০১-০২-০২৩) হতে নির্বাহ করা যেতে পারে। কাজটি জরুরী ও স্বল্প মূল্যের পণ্য হিসেবে পিপিআর-২০০৮ এর বিধি-৮১(১) অনুসরণে সরাসরি নগদে ক্রয় করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রীম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। ২০২৪-২৫ অর্থ বছরে নির্মাণ (সিভিল) বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুসরণে সরাসরি নগদে ক্রয় কাজের জন্য “থোক বরাদ্দ” ধরা আছে (সংযুক্তি-১, ক্রমিক- ৫৬)।

অনুচ্ছেদঃ ১.১

এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এর বিধি-৮১(১) অনুযায়ী স্বল্প মূল্যের পণ্য হিসেবে সরাসরি নগদে ক্রয়ের লক্ষ্যে নির্মাণ (সিভিল) বিভাগের অফিসিয়াল কাজে ব্যবহারের জন্য Procurement of computer accessories/equipment for Civil Construction Division, DWASA ক্রয় ১২৪,৭৯৯.০০ (চব্বিশ হাজার সাতশত নিরানব্বই) টাকা মাত্র অনুমোদনের জন্য উপস্থাপন করা হল। আলোচ্য কাজটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

মোঃ আমিনুর রহমান সিদ্দিকী
উপ-সহকারী প্রকৌশলী
নির্মাণ (সিভিল) বিভাগ
ঢাকা ওয়াসা।

Md. Delwar Hossain
Assistant Engineer
Civil Construction Division
Dhaka Wasa

এস.এম. তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী (অঃ দাঃ)
নির্মাণ (সিভিল) বিভাগ
ঢাকা ওয়াসা।

মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃ দাঃ)
এস.এম.ভলিউটিভি সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুল মান্নান ব্যাপারী
পরিচালক প্রকৌশলী
ঢাকা ওয়াসা